1. **ব্যাকরণ থেকে প্রদত্ত প্রশ্নগুলোর সঠিক বিকল্প উত্তর বেছে লেখো।**

**I) 'যে যাহার কর্মফল লইয়া আসিয়াছে, ভোগ না করিয়া উপায় কী?' – বাক্যটিকে চলিত ভাষায় রূপান্তর করলে হবে-**

**A)** যে যাহার কর্মফল নিয়ে এসেছে, ভোগ না করে উপায় কী?
**B)** যে যার কর্মফল নিয়ে এসেছে, ভোগ না করে উপায় কী?
**C)** যে যার কর্মফল লইয়া এসেছে, ভোগ না করে উপায় কী?
**D)** যে যার কর্মফল নিয়ে এসেছে, ভোগ না করিয়া উপায় কী?

**II) 'মা বাড়ি এসে দালানে পা ছড়িয়ে বসে পড়লেন।' - বাক্যটিকে সাধু ভাষায় রূপান্তর করলে হবে-**

**A)** মা বাড়ি আসিয়া দালানে পা ছড়িয়ে বসিয়া পড়িলেন।
**B)** মা বাড়ি আসিয়া দালানে পা ছড়াইয়া বসিয়া পড়লেন।
**C)** মা বাড়ি এসে দালানে পা ছড়াইয়া বসিয়া পড়িলেন।
**D)** মা বাড়ি আসিয়া দালানে পা ছড়াইয়া বসিয়া পড়িলেন।

**III) 'উত্তর দানের স্পষ্ট অনিচ্ছা দেখেও এঁরা প্রশ্ন করতে ছাড়বেন না।' - বাক্যটিকে সাধু ভাষায় রূপান্তর করলে হবে-**

**A)** উত্তর দানের স্পষ্ট অনিচ্ছা দেখিয়াও এঁরা প্রশ্ন করতে ছাড়িবেন না।
**B)** উত্তর দানের স্পষ্ট অনিচ্ছা দেখিয়াও এঁরা প্রশ্ন করিতে ছাড়িবেন না।
**C)** উত্তর দানের স্পষ্ট অনিচ্ছা দেখিয়াও ইঁহারা প্রশ্ন করতে ছাড়িবেন না।
**D)** উত্তর দানের স্পষ্ট অনিচ্ছা দেখিয়াও ইঁহারা প্রশ্ন করিতে ছাড়িবেন না।

**IV) মন্তব্য: 'তার সাথে যাওয়ার কোনো প্রয়োজন নেই।' – বাক্যটি চলিত ভাষার একটি দৃষ্টান্ত।**

**কারণ(ক):** বাক্যটিতে সর্বনামপদ ও ক্রিয়াপদের সংক্ষিপ্তরূপ ব্যবহৃত হয়েছে।
**কারণ(খ):** বাক্যটিতে সর্বনামপদ ও ক্রিয়াপদের পূর্ণাঙ্গরূপ ব্যবহৃত হয়েছে।

**A)** কারণ (ক) ঠিক, কিন্তু (খ) ভুল।
**B)** কারণ (খ) ঠিক, কিন্তু (ক) ভুল।
**C)** কারণ (ক) ও (খ) উভয়ই ঠিক।
**D)** কারণ (ক) ও (খ) উভয়ই ভুল।

**V) 'তারা কেউই কাজে বের হতে পারেনি।' – বাক্যটিকে সাধু ভাষায় রূপান্তর করলে হবে-**

**A)** তাহারা কেহই কাজে বাহির হইতে পারে নাই।
**B)** তাহারা কেউই কাজে বাহির হইতে পারে নাই।
**C)** তাহারা কেহই কাজে বের হইতে পারে নাই।
**D)** তারা কেহই কাজে বাহির হতে পারে নাই।